

৩০/৪/২০  
Endore

নং-৫৮,০২.৮৮০০.১৫২.১৬.০২১.১৫-১৪৫

তারিখ: ৩০/০৪/২০২৪খ্রি:

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ২২/০৪/২০২৪ খ্রিঃ তারিখের ১০৭ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষে প্রতি বছরের ন্যায় এ বছরও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ কর্তৃক রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। নিম্নবর্ণিত তিনটি গ্রুপে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

ক্রঃ নং	গ্রুপ	শ্রেণী	২০২৪ সালের জন্য বিষয়বস্তু
০১	'ক' গ্রুপ	৬ষ্ঠ-৭ম, ৮ম শ্রেণী বা সমমান (সর্বোচ্চ ১০০০ শব্দ)	মাদককে বুঝব, স্মার্ট বাংলাদেশ গড়ব।
০২	'খ' গ্রুপ	৯ম, ১০ম শ্রেণী বা সমমান (সর্বোচ্চ ১৫০০ শব্দ)	মাদকমুক্ত বাংলাদেশ সুস্থ জীবন সুস্থ দেশ।
০৩	'গ' গ্রুপ	একাদশ, দ্বাদশ, স্নাতক ও সমমান (সর্বোচ্চ ২০০০ শব্দ)	বাঁচাতে দেশ বাঁচাতে জীবন বুখতে হবে মাদক অজ্ঞাসন।

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১) সিরাজগঞ্জ জেলার সকল মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান এবং স্নাতক/সমমান পর্যায়ে ছাত্র-ছাত্রীরা গ্রুপ ভিত্তিক এ রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২) রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টভাবে স্হহতে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- ৩) রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর/উল্লেখ করতে হবে।
- ৪) রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দাখিল/শ্রেণণ করতে হবে।
- ৫) খামের উপর "রচনা প্রতিযোগিতাঃ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৪" লিখতে হবে।
- ৬) আগামী ২৮/০৫/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিরাজগঞ্জ, মাসুমপুর উকিলপাড়া, সিরাজগঞ্জ এর ঠিকানায় সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, উক্ত রচনা প্রতিযোগিতায় আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন স্থান অর্জনকারীকে জেলা পর্যায়ে পুরস্কৃত করা হবে এবং প্রতি গ্রুপের প্রথম স্থান অর্জনকারী রচনা জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় বিবেচনার জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরবর্তী জানানো হবে।

✓ জেলা শিক্ষা অফিসার  
সিরাজগঞ্জ

মোহাম্মদ রুচ্ছল আমিন  
উপ-পরিচালক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
সিরাজগঞ্জ  
Email:-deosirajganj2021@gmail.com  
Web:-deo.sirajgonj.gov.bd



স্মারক নং-জেসিঅ/সিরাজ/২০২৪/১৭১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
কাজিপুর, সিরাজগঞ্জ।

স্মারক নংঃ উমাশিঅ/কাজি/সিরাজ/২০২৪/১০২

তারিখঃ ০২/০৫/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার  
....., স্কুল, মাদ্রাসা, কারিগরি  
কাজিপুর, সিরাজগঞ্জ।

মোঃ আফছার আলী  
জেলা শিক্ষা অফিসার (অতি:দাঃ)

ও  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(অতি: দাঃ)  
কাজিপুর, সিরাজগঞ্জ।